

বাক্বিতে শিক্ষার্থীদের আলটিমেটাম

সহকারী প্রক্টরের পদত্যাগ

বাক্বি প্রতিনিধি

ময়মনসিংহ অবিহৃত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাক্বি) শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতা সাদ ইবনে মমতাজের হত্যার ঘটনায় মঙ্গলবার বিকাল ৫টা পর্যন্ত আলটিমেটাম দিয়েছেন আন্দোলনকারী শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের

মুক্তিযুদ্ধের স্মৃতি স্মারক ডাছর্ষ বিল্ডিং ৭১ এর পানদেখে গণসভায় এ আলটিমেটাম দেন তারা। পূর্বের তদন্ত কমিটির প্রতিবেদন বহাল রেখে অধিকতর তদন্তের জন্য নতুন তদন্ত কমিটি গঠন এবং হত্যাকাণ্ডে জড়িত আসামিদের গ্রেফতারের দাবিতে আলটিমেটাম দেন তারা। এদিকে এ ঘটনায় এক সহকারী প্রক্টর পদত্যাগ করেছেন।

জানা গেছে, সাদের হত্যাকাণ্ডের বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ী বহিষ্কার, ফাঁসি, নাম উল্লেখপূর্বক মামলা ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতের দাবিতে ১০ দিন ধরে আন্দোলন করে আসছে সাধারণ শিক্ষার্থীরা। বুধবার ৬ ছাত্রলীগ নেতাকে বিশ্ববিদ্যালয় থেকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করে কর্তৃপক্ষ। তবে বিশ্ববিদ্যালয়ের এ সিদ্ধান্ত প্রত্যাখ্যান করে আন্দোলন অব্যাহত রেখেছেন আন্দোলনকারী সাধারণ শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করেছে শিক্ষক সমিতি। ময়মনসিংহ কোডোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম সারওয়ার সাবোডিকদের বলেন, সূত্রম ও রোকনকে গ্রেফতার করা হয়েছে। অন্য আসামিদের গ্রেফতারে প্রকৃতিক দল কাজ করেছে।